ইত্তেফাক

তারিখ ... 27/9/78 ...
পৃষ্ঠা ... 3 ... কলাম ... 5 ...

121

## হজ্বযাত্রীদের জ্ঞাতব্য

হজ্বযাত্রীদের সিভিল সার্জন, চীফ মেডিক্যাল অফিসার (স্বাস্থ্য), সাব-ডিভিশনাল মেডিক্যাল অফিসার (স্বাস্থ্য), থানা স্বাস্থ্য প্রশাসক প্রভৃতি অনুমোদিত মেডিক্যাল অফিসারের নিকট হইতে গুটি বসন্ত ও কলেরার প্রতিষেধক ও টিকা গ্রহণ সম্পর্কিত হেলথ সার্টিফিকেটসহ আবেদন করিতে পূর্বেই বলা হইয়াছে।

যাঁহারা এই হেলথ সার্টিফিকেট সংগ্রহ এবং উহা আবেদনপত্রের সহিত জমা দিতে পারেন নাই তাঁহাদের টিকা ও প্রতিষেধক নেওয়ার পর হাজী শিবিরে যোগদানের অন্ততঃ তিন দিন পূর্বে অনুমোদিত ডাক্তারের নিকট হইতে হেলথ সার্টিফিকেট সংগ্রহ করিতে বলা হইয়াছে। খবর তথ্য বিবরণীর।